36

দৈনিক বাংলা

তারিখ 05 OCT 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

# এসএসসি পরীক্ষায় মেধা যাচাই

বর্তমান এসএসসি পরীক্ষা পদ্ধতিতে মেধা যাচাইয়ের কোন ব্যবস্থা নেই। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে অনেক ভাল ছাত্রছাত্রী অর্থাৎ যারা উল্লেখযোগ্য মেধা তালিকায় স্থানের অধিকারী তাদেরও অনেকে কলেজে ভর্তির লিখিত পরীক্ষায় শোচনীয়ভাবে অকৃতকার্য হয়ে থাকে। এটা সত্যিই অত্যন্ত দুঃখজনক। তাই মেধা যাচাইয়ের লক্ষ্যে এখানে কতিপয় প্রস্তাব রাখছি ঃ

১। নৈর্ব্যক্তিক ও রচনামূলক পরীক্ষা পদ্ধতি বাদ দিতে হবে।

২। প্রত্যেক বিষয়ে প্রত্যেকটি অধ্যায় থেকে প্রশ্ন করতে হবে।

৩। প্রশ্ন এমনভাবে প্রণয়ন করতে হবে যেন কোন ছাত্রছাত্রী বাজারে বিভিন্ন নামে প্রকাশিত নোট বই ও গাইড বইয়ে সরাসরি উত্তর খুঁজে না পায় এবং উত্তর যেন তাদের নিজের ভাষায়ই লিখতে হয়। এ ব্যাপারে তাদের পরীক্ষা কক্ষে নির্ধারিত পাঠ্য বই পর্যালোচনার সুযোগ দেয়া যেতে পারে।

৪। প্রত্যেক বিষয়ের প্রশ্নপত্রে 'How or why' কথাটি ব্যবহার করা যেতে পারে। কারণ, 'How or why' এর উত্তরের মাধ্যমেই প্রকৃত মেধার পরিচয় পাওয়া যায়।

৫। প্রত্যেকটি বিষয়ের ওপর প্রয়োজনীয়সংখ্যক, সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন (Short-Answer Type) প্রণয়ন করতে হবে এবং প্রশ্নে উত্তরের জন্যে জায়গা রাখতে হবে যাতে উত্তরের জন্যে আলাদা খাতা ও অতিরিক্ত খাতার কোন প্রয়োজন না হয়।

৬। ইংরেজী ও বাংলা বাক্যে অশুদ্ধি সংশোধনের উপর প্রশ্ন করতে হবে।

৭। প্রত্যেক বিষয়ে 'Matching' (সাজিয়ে লিখা)-এর উপর প্রশ্ন করা বাঞ্ছনীয় হবে।

৮। এসএসসি পরীক্ষায় কমপক্ষে ২৫ নম্বরের মৌখিক পরীক্ষার প্রবর্তন করতে হবে এবং এতে অংশগ্রহণ এবং পাস করা বাধ্যতামূলক করতে হবে। এই মৌখিক পরীক্ষা ছাত্র-ছাত্রীদের পছন্দমত পঠিত যে কোন বিষয়ের ওপরই নেয়া যেতে পারে।

কাজী মোঃ মাহবুবুল হক
রতনপুর
ব্রাহ্মণবাড়িয়া।